পকসো মামলায় জামিন পেয়েই এক রাতে ৬ খুন

অমরাবতী, ১১ জুলাই: পকসো মামলায় অভিযুক্ত এক ব্যক্তি জামিন পেয়েই হত্যা করলো ৬ জনকে। হাড়হিম ঘটনা ঘটেছে তেলঙ্গানায়। শুক্রবার রাতে কয়েকঘণ্টার মধ্যে ৬ জনকে খুনের ঘটনায় আতঙ্ক ছড়িয়েছে হায়দরাবাদের অদূরে রাঙ্গা রেড্ডি জেলায়। পরপর খুন করেও নির্বিকার অভিযুক্ত। নিজেই বাবাকে ফোন করে স্বীকার করে এই হত্যালীলার কথা।

নৃশংস এই ঘটনা ঘটিয়েছে রাজকুমার নামে ৩৫ বছর বয়সি এক ব্যক্তি। গত ১৬ মে তাঁর বিরুদ্ধে যৌন হেনস্তার অভিযোগ দায়ের করে এক নাবালিকা। অভিযোগ, ওই নাবালিকার কোচিং সেন্টারে যাতায়াতের সময়ে পিছু নিত রাজকুমার। কুপ্রস্তাব দিতো, যৌন হেনস্তাও করেছে। অভিযোগ দায়ের হওয়ার পর বেশ কিছুদিন পলাতক ছিলো রাজকুমার। অবশেষে আদালত তাঁর আগাম জামিন মঞ্জুর করে সপ্তাহখানেক আগে। পুলিশ সূত্রে খবর, দীর্ঘদিন ধরেই নানা কুকীর্তির সঙ্গে যুক্ত ছিলো রাজকুমার। জুয়া খেলে বড় দেনাতেও ডুবে ছিলো সে।

শুক্রবার রাত পর্যন্ত অবশ্য স্বাভাবিক আচরণ করেন রাজকুমার। রাত বাড়তেই হত্যা করে নিজের চার বছর এবং এক বছর বয়সি শিশুপুত্রদের। সম্ভবত ঘুমের মধ্যেই হত্যা করা হয়েছে তাদের। দুই সন্তানকে খুনের পর চড়াও হয় স্ত্রী পার্বতীর উপর। রীতিমতো ধস্তাধস্তি হয় দু'জনের। স্ত্রীকে খুন করে বাড়ি থেকে বেরিয়ে পড়ে রাজকুমার। সোজা চলে যায় নাবালিকা অভিযোগকারিণী বাড়িতে। সেখানে গিয়ে অভিযোগকারিণীর মা এবং ঠাকুমাকে খুন করে রাজকুমার। তারপর গাড়িতে চাপিয়ে খানিকটা দূরে নিয়ে গিয়ে খুন করে অভিযোগকারিণীকেও।

একটানা ৬ জনকে হত্যার পর বাবাকে ফোন করে সমস্ত ঘটনা স্বীকার করেন রাজকুমার। স্বীকারোক্তিতে সম্ভবত ইঙ্গিত দিয়েছিলো, এবার আত্মঘাতী হতে চলেছে সে। বাবার সঙ্গে কথা বলার পরেই ফোন সুইচ অফ করে দেয় রাজকুমার। তারপর থেকে তাঁর আর কোনও খোঁজ নেই। আপাতত পুলিশের বিশেষ দল গড়ে রাজকুমারের খোঁজে তল্লাশি চলছে। একাধিক খুনের ঘটনাস্থলে গিয়েও তদন্ত শুরু করেছে পুলিশ। পরিবার সূত্রে খবর, খুনের আগে পার্বতীর সঙ্গে স্বাভাবিক আচরণই করেছিলো রাজকুমার।

বিদেশি অনুদান বিতর্কে স্বর্ণমন্দিরকে ছাড় মোদীর

অকল্যান্ড, ১২ জুলাই: ফরেন কন্ট্রিবিউশন রেগুলেশন সংশোধনী বিল বা এফসিআরএ আইন সংক্রান্ত কোনও জটিলতায় পড়তে হবে না স্বর্ণমন্দির তথা শ্রী হরমন্দির কর্তৃপক্ষকে। অকল্যান্ড সফরে গিয়ে বড়সড় ঘোষণা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রধানমন্ত্রী জানান, শ্রী হরমন্দির সাহেব পরিচালিত বিভিন্ন গুরুদ্বারে বিশ্বজুড়ে নিরন্নরা অন্ন পান। তাই তাদের যাতে বিদেশি অনুদান সংক্রান্ত জটিলতায় যাতে না পড়তে হয়, সেটা নিশ্চিত করবে সরকার।

অকল্যান্ডে প্রবাসী ভারতীয়দের উদ্দেশে ভাষণ দিতে গিয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেন, 'পুরো মানবতাকে সেবা, সাম্যের বার্তা দিয়েছে শ্রী হরমন্দির সাহেব। বিশ্বের সব প্রান্তে গুরুদ্বার সেবার সেন্টার। নিরন্নরা ওখানে অন্ন পান। অসহায়রা আশ্রয় পান। শিখ সম্প্রদায়ের কিছু ভাইবোন আমাকে বলেছিলেন, শ্রী হর মন্দিরের সেবার জন্য এফসিআরএর কিছু সমস্যা হচ্ছে। আমরা সেই সমস্যার দ্রুত সমাধান করে দিয়েছি।' উল্লেখ্য, দেশের বহু সংখ্যালঘু ধর্মীয় সংগঠন বিদেশ থেকে অনুদান পায়। যার মধ্যে একদিকে যেমন খ্রিষ্টানদের মিশনারিজ অফ চ্যারিটি রয়েছে, মুসলিমদের মার্কাজ রয়েছে, তেমন রয়েছে শিখদের শ্রী হরমন্দিরও। ইতিমধ্যেই মিশনারিজ অফ চ্যারিটির অনুদানের অঙ্ক আতস কাচের তলায়। এমনকী মাস খানেক আগে কলকাতায় এসে মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও মিশনারিজ অফ চ্যারিটিতে যান। তবে শ্রী হরমন্দিরকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ব্যতিক্রম হিসাবে দেখছেন। অবশ্য অনেকে এটার নেপথ্যে পঞ্জাবের নির্বাচনী অঙ্ক দেখছে। সামনেই পঞ্জাবের নির্বাচন। সে রাজ্যে এবার দাঁত ফোঁটাতে মরিয়া। এমনিতেই পঞ্জাবের আপ সরকারের বিরুদ্ধে প্রতিষ্ঠান বিরোধিতা কাজ করছে। এই পরিস্থিতিতে মোদী শিখদের মন জয়ের লক্ষ্যেই এফসিআরএ মাস্টারস্ট্রোক দিলেন বলে মনে করা হচ্ছে। উল্লেখ্য, মার্চে লোকসভায় পাশ হয়েছে ফরেন কন্ট্রিবিউশন রেগুলেশন সংশোধনী বিল ২০২৬। এই আইনে বলা হয়েছে, কোনও সংস্থা একবার বিদেশি অনুদান পাওয়া বন্ধ করে দিলে সেই সংস্থার বিদেশি বিনিয়োগ থেকে যা সম্পত্তি রয়েছে, সেগুলি আর ব্যবহার করতে পারবে না। সেগুলি নির্দিষ্ট একটি সংস্থার মারফৎ চলে যাবে কেন্দ্রের হাতে। শুধু তাই নয়, প্রস্তাবিত আইনে বলা আছে, কেন্দ্র চাইলে সব সংস্থাকে বিদেশি বিনিয়োগ থেকে প্রাপ্ত টাকা খরচ করার সময়সীমা বেঁধে দিতে পারে। শুধু তাই নয়, কোনও সংস্থা যদি বিদেশি বিনিয়োগের লাইসেন্স নবীকরণের আবেদন না করে, বা সরকার আবেদন প্রত্যাখ্যান করে তাহলে ওই সংস্থার সব সম্পত্তি বাজেয়াপ্ত করা হতে পারে। এই নতুন আইনের আওতায় পড়বে ধর্মীয় সংগঠনগুলিও।

খাসির মাংসের বদলে মুরগির মাংস, বিহারে বিয়েবাড়িতে তাণ্ডবের জেরে জখম ১২

পাটনা, ১১ জুলাই: খাসির মাংস পাতে পড়েনি কেন, তা নিয়ে বিয়েবাড়িতে বর এবং কনেপক্ষের মধ্যে বচসা থেকে হাতাহাতি। আহত হলেন দু'পক্ষেরই অনেকে। ঘটনাটি বিহারের সহরসা জেলার। শুক্রবার সকাল থেকে বিয়ের অনুষ্ঠানে গমগম করছিল কনেপক্ষের বাড়ি। বিয়ে বাড়ির ভোজে পাতে খাসির মাংস পড়ার কথা ছিল। কিন্তু বরপক্ষকে দেওয়া হয় মুরগির মাংস। বরপক্ষের অভিযোগ, কনের বাড়ি থেকে জানানো হয়েছিল যে, মেনুতে খাসির মাংস থাকবে। কিন্তু খেতে বসতেই দেখা যায়, খাসির মাংস নেই, তার বদলে দেওয়া হচ্ছে মুরগির মাংস। পাতে মুরগির মাংস পড়তেই ক্ষিপ্ত হয়ে ওঠেন বরযাত্রীরা। তাঁরা প্রতিবাদ করেন, কেন প্রতিশ্রুতি রাখা হয়নি। খাবারও 'বয়কট' করেন তাঁরা। কনেপক্ষের লোকজন তাঁদের শান্ত করার চেষ্টা করতেই বচসা শুরু হয়ে যায়। এক কথা, দু'কথা থেকে সেই ঘটনা হাতাহাতিতে পৌঁছোয় শেষপর্যন্ত। খাবার ফেলে দেওয়া হয়। ভাঙচুর করা হয় চেয়ারটেবিল। অভিযোগ, কনেপক্ষের লোকেরা লাঠি নিয়ে বরপক্ষকে মারধর করেন। পাল্টা মারধরের অভিযোগ উঠেছে বরপক্ষের বিরুদ্ধেও। আরও অভিযোগ, তরোয়াল নিয়ে বরযাত্রীকে শাসানোও হয়। বিয়েবাড়িতে এমন হুলস্থুল কাণ্ডে আতঙ্ক ছড়ায়। স্থানীয়েরাই পুলিশে খবর দেন। পুলিশ এসে পরিস্থিতি সামাল দেয়। দু'পক্ষকে সরিয়ে দেয়। জানা গিয়েছে, এই ঘটনায় ১২ জন আহত হয়ে হাসপাতালে ভর্তি। দু'পক্ষই পুলিশের কাছে অভিযোগ দায়ের করেছে। তদন্ত শুরু হয়েছে।

ট্রাম্পের ক্ষেপণাস্ত্র হুমকির পরই তেহরানে বিস্ফোরণ

লেবাননেও ফের হামলা ইজরায়েলের

তেহরান ও বেইরুট, ১২ জুলাই: আমাকে হত্যার চেষ্টা করা হলেই ইরানে ভয়ংকর গোলাবর্ষণ শুরু করে দেবে আমেরিকা। ইরানের দিকে ১০০০ ক্ষেপণাস্ত্র তাক করা রয়েছে , ঠিক এই ভাষাতেই খামেনেইয়ের দেশকে হুমকি দিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর কয়েক ঘণ্টার মধ্যেই পরপর বিস্ফোরণে কেঁপে উঠল তেহরান। অন্যদিকে, সংঘর্ষবিরতির চুক্তির পরোয়া না করে লেবাননে অব্যাহত ইজরায়েলের হামলা।

এদিকে আমেরিকার মধ্যস্থতায় স্বাক্ষর হওয়া সংঘর্ষবিরতির চুক্তি উড়িয়ে লেবাননে নতুন করে হামলা শুরু করেছে ইজরায়েল। সংবাদমাধ্যম 'আল জাজিরা'র একটি প্রতিবেদন অনুযায়ী, দক্ষিণ লেবাননের নাবাতিয়েহ এলাকায় বহু বাড়িঘর গুঁড়িয়ে দিয়েছে ইহুদি সেনা। কাফার তেবনিৎ এলাকাতেও ড্রোন হামলা চালিয়েছে তারা। বুধবার সমাজমাধ্যম ট্রুথ সোশ্যালে বিশেষ বার্তা দেন মার্কিন প্রেসিডেন্ট। দুই দেশের সংঘর্ষের প্রসঙ্গ তুলে ধরে তিনি দাবি করেন, ইরান আমেরিকার কাছে যুদ্ধবিরতির আলোচনা চালিয়ে যাওয়ার জন্য আবেদন জানিয়েছে। শুধু তাই নয়, তেহরানের প্রস্তাবে ওয়াশিংটন সম্মত হয়েছে বলেও দাবি করেছেন তিনি। পাশাপাশি, ইরানকে সতর্ক করে তিনি বলেন, 'যদি আমাকে হত্যা চেষ্টা হয়, তাহলে ইরানে ভয়ংকর গোলাবর্ষণ শুরু হবে।' এরপরই একের পর এক বিস্ফোরণে কেঁপে ওঠে তেহরান-সহ সংলগ্ন এলাকা। যদিও এই বিস্ফোরণ নিয়ে ইরানি কর্তৃপক্ষও আনুষ্ঠানিকভাবে কিছু জানায়নি।

অন্যদিকে, সিরিয়ার রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের তথ্য অনুযায়ী, লেবাননের আল-সামদানিয়াহ গ্রামে ইজরায়েলি সেনাবাহিনীর তিনটি গাড়ি প্রবেশ করে। সূত্রের খবর, সেখানে তারা অস্থায়ী একটি ক্যাম্পও স্থাপন করে। পাশাপাশি, গ্রামবাসীদের উপর নৃশংস অত্যাচার চালানোরও অভিযোগ উঠেছে ইহুদি সেনার বিরুদ্ধে।

শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে টানা ১৪ দিন অনশন সোনমের

নয়াদিল্লি, ১২ জুলাই: শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফার দাবিতে দিল্লির যন্তর মন্তরে চলছে ককরোচ জনতা পার্টির ধর্না। তাদের দাবি, নিট-প্রশ্নপত্র ফাঁসের পরে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধানের ইস্তফা এবং শিক্ষা ব্যবস্থার সংস্কার। ওই ধর্না মঞ্চেই অনির্দিষ্টকালের জন্য অনশনে বসেছেন সমাজকর্মী তথা গবেষক সোনম ওয়াংচুক। শনিবার তাঁর ধর্না পড়ল ১৪ দিনে। টানা অনশন। শিক্ষামন্ত্রীর পদত্যাগের দাবিতে অনড় থেকে কেন্দ্রকে চাপে রাখার চেষ্টা। ককরোচ জনতা পার্টির মঞ্চে সোনমের এই আন্দোলন সোশ্যাল মিডিয়াতে বেশ ভালোরকম আলোড়ন ফেলেছে। সোশ্যাল মিডিয়ায় অনেকেই সোনমকে আধুনিক গান্ধি বলে সম্বোধন করছেন। তবে ওই সমাজকর্মীর তাতে ঘোর আপত্তি। সোনম বলছেন, 'আমি গান্ধি নই। অনেকেই দেখছি সোশ্যাল মিডিয়ায় আমাকে হিরো বলছেন, আমাকে গান্ধি বলছেন। এগুলো আমাকে অস্বস্তিতে ফেলে দিচ্ছে।' সোনমের সাফ কথা, 'আমি সাধারণ নাগরিকমাত্র। আমি নাগরিক হিসাবে নিজের কর্তব্য পালন করছি মাত্র। আপনারাও নিজেদের নাগরিক কর্তব্য পালন করুন। অন্যের মধ্যে হিরো খুঁজবেন না। নিজেদের হিরো নিজেদেরই হতে হবে।' টানা ১৪ দিনের অনশনে স্বাভাবিকভাবেই অসুস্থ হয়ে পড়েছেন সোনম। তবে মানসিকভাবে তিনি এখনও অটুট। সোনম বলছেন, 'এখন আমার শরীর অনশনে অভ্যস্ত হতে শুরু করেছে। চর্বির ক্ষয় হচ্ছে, পেশিরও। তবে মানসিকভাবে অনড়।'

Durgapur Municipal Corporation
City Centre, Durgapur - 713216, Dist.- Paschim Bardhaman
Notice Inviting e-Tender
1) Name of the Work: Laying of 50mm PVC Pipeline for interconnection between two 80mm Dia Distribution Line near Birburnpur Chinno-Mosta Kali Mandir, Ward No.- 41, under DMC.
e-Tender No. : WBDMC/WS/COMM/NIT-13/26-27
Tender ID : 2026_MAD_5016692_1 • Estimated Amount : 91,118/-
Last Date : 18th July 2026, up to 05:00 pm **Sd/- Executive Engineer**
For details : tenders.wb.gov.in **Durgapur Municipal Corporation**

Bhatpara Municipality
e-NIT No-MAD/ULB/BHATPARA/WW/e-Tender/11/2025-26 (2nd Call) Ref No-MAD/ULB/BHATPARA/DR-2/ 165, Dated-03/07/26 TENDER ID-2026_MAD_1031388_(1-5)
e-NIT are invited by the Executive officer, Bhatpara Municipality for "Construction of Sluice Valve Chember at Different Places, E/A 2010074/-, Shifting of Existing House connection and allied works, E/A 2194976/-, Sinking of 3nos Deep Tubewell E/A 981831/- Each Tubewell. Tender Submission Closing Date is 22.07.2026 at 14.00PM
e-NIT No-MAD/ULB/BHATPARA/WW/e-Tender/03/2025-26 (3rd Call), Ref No-MAD/ULB/BHATPARA/DR-2/ 164,Dated- 03/07/26. TENDER ID-2026_MAD_1031386_(1
e-NIT are invited by the Executive officer, Bhatpara Municipality for extension of Pipe Line with allied works E/Amonunt-Rs 3197671/-. Tender Submission Closing Date is 22.07.2026 at 14.00PM
Details may be seen in **wbtenders.gov.in**
S/d
Executive Officer, Bhatpara Municipality

পূর্ব রেলওয়ে
টেন্ডার নোটিস নং ঃ ইএল/এইচডব্লুএইচ/২৫/২১(নোটিস)/৭৬৮, তারিখ ঃ ০৯.০৭.২০২৬। ডিভিসনাল রেলওয়ে ম্যানেজার, পূর্ব রেলওয়ে, হাওড়া, নিউ ডিআরএম বিল্ডিং, রেল মিউজিয়ামের নিকটে, হাওড়া-৭১১১০১ কর্তৃক নিম্নলিখিত বৈদ্যুতিক কাজের জন্য ওপেন ই-টেন্ডার আহ্বান করা হচ্ছে। **ক্র. নং. ঃ ১। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৬২৬-আর। কাজের নাম ঃ** হাওড়া ডিভিসনের অম্বিকা কালনা, নবদ্বীপ ধাম, কাটোয়া, আজিমগঞ্জ ও খাগড়াঘাট রোড-এ এফওবি-র সঙ্গে সংযোগকারী প্যাসেঞ্জার লিফ্ট-এর ব্যবস্থা। **টেন্ডার মূল্য ঃ** ৩,৮০,৯৫,৫১৩.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ৭,৬১,৯০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ২। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৬২৭। কাজের নাম ঃ** (১) "হাওড়া ডিভিসনে ২০০০-এর বেশি টিভিইউ যুক্ত আজিমগঞ্জ এবং নলহাটি-র মধ্যবর্তী কিমি ৩১/৩৯ -৩২/০১ -এ অবস্থিত এলসি গেটসমূহর গেট নং. ১২-এর উন্নয়ন এবং ইন্টারলকিং"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (২) "হাওড়া ডিভিসনে ২০০০-এর বেশি টিভিইউ যুক্ত বর্দ্ধমান - কাটোয়ার মধ্যবর্তী কিমি ১৮ -তে অবস্থিত এলসি গেটসমূহের গেট নং. ১১-র উন্নয়ন এবং ইন্টারলকিং"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৭,৭৯,৬৭১.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ১৫,৬০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ৩। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ- ২৫-২১- ৩৬১৪-আর। কাজের নাম ঃ** "ডিএসএস-এর অধীনে সকল স্টেশনে নজরদারির জন্য নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে এটি বিদ্যুৎ সরবরাহ সম্প্রসারণের" পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৯২,৬৩,২১৬.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ১,৮৫,৩০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ৪। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৫৭৯। কাজের নাম ঃ** (১) "এইএন/কাটোয়ার অধীনস্থ বি.কে শাখায় এলসি গেট নং ১৬/সি/ই-র পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (২) "এইএন/কাটোয়ার অধীনস্থ এ.কে শাখায় এলসি গেট নং ৩/সি/ই-র পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (৩) "এইএন/কাটোয়ার অধীনস্থ বি.কে শাখায় এলসি গেট নং ২১/সি/ই-র পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (৪) "এইএন/কাটোয়ার অধীনস্থ রেলওয়ে রিলিভিং গার্ডার দ্বারা এলসি গেট নং ২৪/০২-এর পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (৫) "এইএন/কাটোয়ার অধীনে বিবি লুপে পাটুলি -অগ্রদ্বীপ রেলওয়ে স্টেশনের মধ্যবর্তী কিমি ৮৯/২১ -২৩ এবং ৮৯/২৪-২২ (ডাউন)-এ এল.সি নং ১৮/৬/সি/ই-র পরিবর্তে সীমিত উচ্চতার সাবওয়ে নির্মাণের" পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৪৭,৯৮,২০৩.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ৯৬,০০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০দিন। **ক্র. নং. ঃ ৫। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৫৪৩। কাজের নাম ঃ** "বেলানগর স্টেশনে ডুয়াল ডিটেকশন মোডে ডিসি ট্র্যাক সার্কিট -এর জায়গায় ডুয়াল এমএসডিএসি-র ব্যবস্থা" র পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৯,১৩,৯৩৪.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ১৮,৩০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ৬। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৪৯৬-আর১। কাজের নাম ঃ** "হাওড়া ডিভিসনে ব্যান্ডেল, বর্দ্ধমান, আজিমগঞ্জ, রামপুরহাট রেলওয়ে ইনস্টিটিউট-এর সংস্কার"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৯৫,০৯,৯৬০.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ১,৯০,২০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ৭। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৬৫৩। কাজের নাম ঃ** (১) "এইএন/নবদ্বীপ ধাম-এর অধীনে রেলওয়ে রিলিভিং গার্ডার দ্বারা এল.সি গেট নং ১২এ/১-এর পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (২) "এইএন/নবদ্বীপ ধাম-এর অধীনে রেলওয়ে রিলিভিং গার্ডার দ্বারা এল.সি গেট নং ৮/৩-এর পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (৩) "এইএন/আজিমগঞ্জ-এর অধীনে রেলওয়ে রিলিভিং গার্ডার দ্বারা এল.সি গেট নং ২৪এ/৪(ই)-এর পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। (৪) "এইএন/নবদ্বীপ ধাম-এর অধীনে রেলওয়ে রিলিভিং গার্ডার দ্বারা এল.সি গেট নং ১৮/০২-এর পরিবর্তে নতুন এলএইচএস নির্মাণ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৩৭,০২,৪৫৬.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ৭৪,১০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ৮। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৬০৪। কাজের নাম ঃ** "এডিইএন/আজিমগঞ্জ-এর অধিক্ষেত্রের অধীনে বিভিন্ন লেভেল ক্রশিং গেট-এ সাবমার্সিবল পাম্প-এর সুবিধা দ্বারা জল সরবরাহের ব্যবস্থা"-র পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ২৬,০২,৩৫৮.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ৫২,১০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ৯। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৫৮৩-আর। কাজের নাম ঃ** এসএসই/জি/ব্যান্ডেল-এর অধিক্ষেত্রের অধীনে ইলেকট্রিকাল সাব স্টেশনসমূহ, এইচটি/এলটি সুইচ গিয়ার প্যানেল সমেত সুইচ রুম, কেবেলস, ট্রান্সফরমার, আর্থিং এবং অন্যান্য সুরক্ষা সামগ্রী সমূহর বৃদ্ধি ও উন্নয়ন। **টেন্ডার মূল্য ঃ** ১,২৯,৫৩,৮৭৪.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ২,৫৯,১০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **ক্র. নং. ঃ ১০। টেন্ডার নং. ঃ ইএল- এইচডব্লুএইচ-২৫-২১- ৩৫৩৬-আর১। কাজের নাম ঃ** "এইএন/১/লিলুয়ার অধীনে বেলুড়, রিষড়া, চুঁচুড়া এবং সিঙ্গুর -এ ৩৫০x২০০ মিমি ব্যাসের গভীর নলকূপ বসানো, পাম্প হাউস, পাইপ লাইন প্রভৃতির ব্যবস্থা করার কাজ"-এর পরিপ্রেক্ষিতে বৈদ্যুতিক (সাধারণ) কাজ। **টেন্ডার মূল্য ঃ** ৭,৪১,৪০৮.০০ টাকা। **দরপ্রস্তাব জামিন (প্রদেয় বায়না অর্থ) ঃ** ১৪,৮০০.০০ টাকা। **সম্পূর্ণ করার মেয়াদ ঃ** ১৮০ দিন। **টেন্ডার বন্ধের তারিখ ও সময় ঃ** ক্র. নং. ১ ও ২-এর জন্য ২৯.০৭.২০২৬ তারিখ বিকেল ৩টে এবং ক্র. নং. ৩ থেকে ১০-এর জন্য ৩০.০৭.২০২৬ তারিখ বিকেল ৩টে। টেন্ডার আহ্বায়ক বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখটিতে যদি কোনো কারণে ছুটি/বন্ধ/ধর্মঘট ঘোষিত হয়, তাহলেও অনলাইনে টেন্ডার বন্ধের তারিখটির কোনো পরিবর্তন হবে না, কারণ আইআরইপিএস ওয়েবসাইটের প্রায়োগিক পদ্ধতি টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরে কোনো প্রস্তাব দাখিলের অনুমোদন দেবে না। যদিও, অনলাইনে টেন্ডার খোলার কাজটি টেন্ডার বন্ধের তারিখ ও সময়ের পরবর্তী কোনো সুবিধাজনক দিনে করা যাবে। **www.ireps.gov.in** ওয়েবসাইটে বিশদ টেন্ডার পাওয়া যাবে। টেন্ডারদাতাগণকে উপরোক্ত ওয়েবসাইটে অনলাইনে তাঁদের প্রস্তাব দাখিল করতে অনুরোধ করা হচ্ছে। HWH-203/2026-27
টেন্ডার বিজ্ঞপ্তি পূর্ব রেলওয়ের ওয়েবসাইট www.er.indian railways.gov.in/www.ireps.gov.in-এও পাওয়া যাবে।
আমাদের অনুসরণ করুন ঃ @EasternRailway @easternrailwayheadquarter

ময়দান

মোহনবাগান ক্লাবের সামনেই হবে নতুন মেট্রো স্টেশন। ছবি— প্রতীকী

বাংলার মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে সবুজ মেরুন স্মারক তুলে দিচ্ছেন মোহনবাগানের সভাপতি দেবাশিস দত্ত।

বাংলার পরিবহনমন্ত্রী অর্জুন সিংয়ের হাতে মেট্রো স্টেশনের নামকরণ করার প্রস্তাবপত্র তুলে দিচ্ছেন মোহনবাগান সভাপতি দেবাশিস দত্ত, পাশে ক্লাবের শীর্ষকর্তাদের অন্যতম সৌমিক বোস।

শতাব্দীপ্রাচীন মোহনবাগান ক্লাব। এই ক্লাবের সামনেই হবে মেট্রো স্টেশন।

ক্লাব সভাপতি দেবাশিস দত্তের উদ্যোগে পরিবহন মন্ত্রীকে অভিনব প্রস্তাব

অমর একাদশের স্মৃতিতে এবার শতাব্দীপ্রাচীন ক্লাবের নামে 'মোহনবাগান' মেট্রো স্টেশন

অনির্বাণ গঙ্গোপাধ্যায় ও শম্ভুনাথ ভৌমিক

ভারতীয় ফুটবলের ইতিহাসে 'মোহনবাগান' শুধু একটা ক্লাবের নাম নয়, একটা আবেগ, একটা আন্দোলনের প্রতীক। ১৯১১ সালে ব্রিটিশদের হারিয়ে আইএফএ শিল্ড জয়ের সেই ঐতিহাসিক মুহূর্ত আজও বাঙালির গর্বের অন্যতম অধ্যায়। সেই ইতিহাসই এবার জায়গা পেতে পারে কলকাতার মেট্রো মানচিত্রে। কারণ, মোহনবাগান ক্লাবের ঠিক পাশেই তৈরি হতে চলা নতুন মেট্রো স্টেশনের নাম 'মোহনবাগান মেট্রো স্টেশন' করার প্রস্তাব দিয়েছে ক্লাব কর্তৃপক্ষ। বাংলায় মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর নেতৃত্বে ডবল ইঞ্জিন সরকারের আমলে বাংলায় দ্রুত গতিতে এগোচ্ছে মেট্রো প্রকল্প। জোকা-এসপ্ল্যানেড পার্পল করিডরকে আরও ১.২ কিলোমিটার বাড়িয়ে ইডেন গার্ডেন পর্যন্ত নিয়ে যাওয়ার পরিকল্পনায় ইতিমধ্যেই নীতিগত ছাড়পত্র মিলেছে। মেট্রো সূত্রে জানা গিয়েছে, নতুন স্টেশনটি হবে মোহনবাগান ক্লাবের সামনেই। জমিও চিহ্নিত করা হয়েছে। ভিক্টোরিয়া মেমোরিয়ালের নীচ দিয়ে টানেল তৈরির কাজ শেষ হয়েছে এবং পার্ক স্ট্রিট স্টেশনের নির্মাণকাজ চলছে জোরকদমে। সব কিছু পরিকল্পনা মতো এগোলে ২০২৭-২৮ সালের মধ্যেই এই পরিষেবা চালু হতে পারে। এই সুযোগেই ইতিহাসকে ভবিষ্যতের সঙ্গে জুড়ে দেওয়ার স্বপ্ন দেখছে মোহনবাগান। মোহনবাগান ক্লাব সভাপতি দেবাশিস দত্ত জানিয়েছেন, নতুন স্টেশনের নাম মোহনবাগানের নামে রাখার আবেদন ইতিমধ্যেই মেট্রো কর্তৃপক্ষের কাছে করা হয়েছে। নিয়ম মেনে সেই প্রস্তাব রাজ্য সরকারের মাধ্যমে রেলমন্ত্রকে পাঠানোর জন্য তিনি পরিবহনমন্ত্রী অর্জুন সিংয়ের সঙ্গেও দেখা করেছেন। দেবাশিস দত্ত বলেন, "মোহনবাগানের পাশেই যে নতুন মেট্রো স্টেশন তৈরি হবে, তার নাম 'মোহনবাগান মেট্রো